সংবাদ

তারিখ 26 OCT 2016
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৪

### যৌন হয়রানির বিচার চাওয়ায়

# কুমিল্লায় কলেজ ছাত্রীকে কুপিয়ে জখম

## দুই বখাটেসহ তিনজনের বিরুদ্ধে আদালতে মামলা

প্রতিনিধি, কুমিল্লা

যৌন হয়রানির বিচার চাওয়ায় কুমিল্লায় জাকিয়া সুলতানা জ্যুতি নামে এক কলেজ ছাত্রীকে কুপিয়ে জখম করেছে বখাটেরা। বর্তমানে ওই ছাত্রী কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এ ঘটনায় ওই ছাত্রীর মা ডালিয়া ইসলাম সরকার বাদী হয়ে গতকাল দুপুরে দুই বখাটেসহ ৩ জনের বিরুদ্ধে কুমিল্লার আদালতে মামলা দায়ের করেছেন। এদিকে মামলা দায়েরের পর থেকে ছাত্রীর পরিবারকে বিভিন্নভাবে হুমকি দিয়ে আসছে আসামি ও তার লোকজন। বর্তমানে ওই পরিবারটি নিরাপত্তাহীনতায় রয়েছে।

আদালত ও মামলার অভিযোগে জানা যায়, জেলার মুরাদনগর উপজেলার কোড়েরপাড় আদর্শ বিশ্ববিদ্যালয় কলেজের উচ্চ মাধ্যমিক দ্বিতীয় বর্ষের ছাত্রী ও একই উপজেলার বলিঘর গ্রামের আমিনুল ইসলাম জুয়েলের মেয়ে জাকিয়া ইসলাম জ্যুতি। সে কলেজে আসা-যাওয়ার পথে স্থানীয় ফাহাদ (২২) ও হাসান (২০) নামের দুই বখাটে প্রায়ই উত্ত্যক্ত করে আসছিল। গত শনিবার সকালে কলেজে যাওয়ার পথে ওই দুই বখাটে জাকিয়ার পথরোধ করে পরনে থাকা কলেজের পোশাক ধরে টানাটানি করে এবং শ্লীলতাহানির চেষ্টা চালায়। এ সময় তার চিৎকারে স্থানীয়রা এগিয়ে এলে বখাটেরা পালিয়ে যায়। পরে ওই ছাত্রী বাড়িতে এসে বিষয়টি পরিবারের সদস্যদের অবহিত করে। এতে ওই ছাত্রীর মা ডালিয়া ইসলাম সরকার মোবাইলে বখাটে হাসানের বড় ভাই নিশাতের নিকট বিষয়টি অবহিত করে ঘটনার বিচার দাবি করেন। এতে তারা ক্ষিপ্ত হয়ে কলেজ ছাত্রীর বাড়িতে হামলা চালায় এবং কলেজ ছাত্রী জাকিয়াকে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর আহত করে। পরে আহত ওই ছাত্রীকে স্থানীয়ভাবে প্রাথমিক চিকিৎসা শেষে কুমিল্লা মেডিকেল কলেজে ভর্তি করা হয়। এদিকে এ ঘটনায় ওইদিন বিকালে বাঙ্গরা থানায় অভিযোগ দেয়া হলে বখাটেরা প্রভাবশালী হওয়ায় পুলিশ মামলা নেয়নি বলে অভিযোগ করেছেন ছাত্রীর পরিবার। পরে নিরুপায় হয়ে মঙ্গলবার দুপুরে আহত ওই কলেজ ছাত্রীর মা ডালিয়া ইসলাম বাদী হয়ে কুমিল্লার নারী ও শিশু নির্যাতন বিশেষ ট্রাইব্যুনাল আদালতে বলিঘর গ্রামের আতিকুর রহমান লেবুর পুত্র বখাটে ফাহাদ ও তার ভাই নিশাত এবং একই গ্রামের মজিবুর রহমান মানিকের পুত্র বখাটে হাসানকে আসামি করে মামলা দায়ের করেন। আদালতের বিচারক বিষয়টি আমলে নিয়ে বাঙ্গরা থানার ওসিকে মামলাটি এফআইআরভুক্ত করে আসামিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার নির্দেশ দেন। আহত কলেজ ছাত্রীর মা ডালিয়া ইসলাম সরকার জানান, বখাটে ওই ছেলেরা আমার মেয়েকে কলেজে আসা-যাওয়ার পথে প্রায় সময় উত্ত্যক্তসহ শ্লীলতাহানির চেষ্টা চালায়। এ ঘটনার বিচার চাওয়ায় আমাদের বাড়িঘরে হামলা চালায় এবং আমার মেয়েকে কুপিয়ে আহত করে। বর্তমানে আসামিদের হুমকির কারণে আমরা নিরাপত্তাহীনতায় রয়েছি।